

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬১৭

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «رَأَيْتُ ذَاتَ لَيْلَةٍ فِيمَا يَرَى النَّائِمُ كَأَنَّا فِي كَأَنَّا فِي دَارِ عُقْبَةَ بْنِ رَافِعٍ فَأُوتِينَا بِرُطَبٍ مِنْ رُطَبِ ابْنِ طَابٍ فَأَوّلْتُ أَنَّ الرِّفْعَةَ لَنَا فِي الدُّنْيَا وَالْعَاقِبَةَ فِي الْآخِرَةِ وَأَنَّ دِينَنَا قَدْ طَابَ» . رَوَاهُ مُسلم

#### বাংলা

৪৬১৭-[১২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঘুমন্ত ব্যক্তি ঘুমের ঘোরে যেভাবে স্বপ্ন দেখে একরাত্রে আমি স্বপ্নে দেখলাম যেন আমি আমার সাহাবীগণ সমবেত 'উকবাহ্ ইবনু রাফি' এর গৃহে উপবিষ্ট। তখন আমাদের সম্মুখে কিছু তাজা পাকা খেজুর উপস্থিত করা হলো। যাকে রুত্বাব ইবনু ত্বাব বলা হয়। অতএব আমি এটার এ তা'বীর করেছি যে, দুনিয়াতে আমাদেরও মর্যাদা বুলন্দ করা হবে এবং পরকাল হবে সখময়; আর আমাদের ধর্ম হবে সর্বোত্তম। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম (২২৭০)-১৮, আবূ দাউদ ৫০২৫, সহীহুল জামি' ৩৪৭৫, ইবনু শায়বাহ্ ৩০৪৮৮, আহমাদ ১৩২১৯, আবৃ ইয়া'লা ৩৫২৮, 'নাসায়ী'র কুবরা ৭৬৪৪, আল জামি'উস সগীর ৫৭৮৮, সহীহুল জামি' ৩৪৭৫।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীসের মাঝে 'উকবাহ্ ইবনু রাফি' সম্পর্কে বলা হয়েছে যে, সে একজন গ্রাম্য অনারব লোক ছিল। ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেছেন যে, সে মদীনাহ্ বাসী ছিল। 'কামূস' গ্রন্থকার বলেছেন যে, মদীনাহ্ শহরটি সুন্দর ছিল। আর রিফা'আহ্ দ্বারা মর্যাদা বুঝানো হয়েছে। আল্লাহ তা'আলা বলেছেন, "তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং যারা জ্ঞানপ্রাপ্ত, আল্লাহ তাদের মর্যাদা উচ্চ করে দিবেন"- (সূরাহ্ আল মুজাদালাহ্ ৫৮ : ১১)। আর 'আক্রিবাহ্ দ্বারা পরকালীন কল্যাণ বুঝানো হয়েছে, এ মর্মে আল্লাহ তা'আলা বলেছেন, "তারই পুরস্কার



উত্তম এবং তারই প্রদন্ত প্রতিদান শ্রেষ্ঠ"- (সূরাহ্ আল কাহফ ১৮ : ৪৪)। আল্লাহর বাণী, "শেষ কল্যাণ মুত্তাকীদের জন্যই রয়েছে"- (সূরাহ্ আল আ'রাফ ৭ : ১২৮)। (মিরকাতুল মাফাতীহ)

বিঃ দ্রঃ ইসলাম আবির্ভাবের পূর্বে জাহিলী যুগে মদীনার নাম ছিল ইয়াসরিব তায়বাহ্, ইসলামী যুগে আল্লাহ তা'আলা নাম দিয়েছেন মদীনাহ্ এবং রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাম রেখেছেন ত্বাবা এবং তায়বাহ্।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>